

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৭২

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ জুন ২০২১

বিষয়: নোয়াখালী জেলার সেনবাগ উপজেলাধীন 'টাঁচুয়া হাজী আলী আকবর আলিম মাদ্রাসা' এর স্থায়ী স্বীকৃতি প্রদান সংক্রান্ত।

সূত্র: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৭০ ০৮ জুন ২০২১


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নোয়াখালী জেলার সেনবাগ উপজেলাধীন 'টাঁচুয়া হাজী আলী আকবর আলিম মাদ্রাসা' এর স্থায়ী স্বীকৃতি প্রদান বিষয়ে জনাব মোরশেদ আলম, মাননীয় সংসদ সদস্য, ২৬৯ নোয়াখালী (সেনবাগ-সোনাইমুড়ি, আংশিক) ও সদস্য, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ এ বিভাগে আধা-সরকারি পত্র দাখিল করেছেন।

২.০ ডি.ও পত্রে জানানো হয়েছে যে, নোয়াখালী জেলার সেনবাগ উপজেলাধীন 'টাঁচুয়া হাজী আলী আকবর আলিম মাদ্রাসা'টি ১৯৬৯ সালে স্থাপিত। দাখিল স্তরে ১৯৯৯ সালে এমপিওভুক্ত হয়। পরবর্তী প্রতিষ্ঠানটি আলিম স্তরে ২০১৬ সালে একাডেমিক স্বীকৃতি লাভ করেন। বর্ণিত মাদ্রাসাটি উক্ত উপজেলার একমাত্র মহিলা মাদ্রাসা। ২৩.০৪.১৯৯৭ তারিখের শিম/শা:১১/বিবিধ-৩৯/৯৬/২০৩(৬০৬) নং স্মারক মূলে জারীকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭ অনুযায়ী টাঁচুয়া হাজী আলী আকবর আলিম মাদ্রাসা এর স্থায়ী স্বীকৃতি প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

৩.০ বর্ণিত বিষয়ে ২৩.০৪.১৯৯৭ তারিখের জারীকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭ এর ৫নং অনুচ্ছেদের নীতি হলো : "৩ বছর মেয়াদী প্রাথমিক অনুমতির মেয়াদ শেষে বৃত্তি পরীক্ষা ও পাবলিক পরীক্ষার ফলাফল, মাদ্রাসার ছাত্র/ছাত্রী ভর্তির হার, শ্রেণীকক্ষে উপস্থিতি ও বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা (শিক্ষা সমাপনী চক্রের হার) প্রভৃতি বিবেচনা করিয়া দ্বিতীয় মেয়াদে ০৫(পাঁচ) বৎসরের জন্য স্থায়ী স্বীকৃতি প্রদান করা হইবে এবং একই প্রক্রিয়ায় মূল্যায়নের পর সাফল্যজনকভাবে দ্বিতীয় পর্বের স্বীকৃতির মেয়াদে শেষে স্থায়ী স্বীকৃতি প্রদান করা হইবে। তবে শর্ত থাকিবে যে, স্বীকৃতি প্রদানের ফলে শুধুমাত্র স্বীকৃতি ব্যতিরেকে শিক্ষা প্রতিষ্ঠানকে উন্নয়ন প্রকল্প ভুক্তি অথবা আর্থিক অনুদান অথবা আর্থিক অনুদান অথবা বেতনের সরকারি অংশ প্রদানের দায়ভার সরকারের উপর বর্তাইবে না। ইহা ছাড়া শর্ত থাকিবে যে, অস্থায়ী স্বীকৃতি প্রদানের ৫(পাঁচ) বছরের মধ্যে প্রশিক্ষণবিহীন শিক্ষক/শিক্ষিকাগণকে অবশ্যই পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।"

৪.০ এমতাবস্থায়, ২৩.০৪.১৯৯৭ তারিখের শিম/শা:১১/বিবিধ-৩৯/৯৬/২০৩(৬০৬) মূলে জারীকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭ অনুযায়ী নোয়াখালী জেলার সেনবাগ উপজেলাধীন 'টাঁচুয়া হাজী আলী আকবর আলিম মাদ্রাসা' এর স্থায়ী স্বীকৃতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১(এক) পাতা।



১০-৬-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব


চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৭২/১

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮
১০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অধ্যক্ষ, চাঁচুয়া হাজী আলী আকবর আলিম মাদ্রাসা, উপজেলা-সেনবাগ, জেলা-নোয়াখালী।
- ৪) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) অফিস কপি।



১০-৬-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব